

আলে-ইমরান | Al-i-Imran | آلِ عِمْرَانَ

আয়াতঃ ৩ : ৮২

আরবি মূল আয়াত:

فَمَنْ تَوَلَّى بَعْدَ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ ﴿٨٢﴾

অনুবাদসমূহ:

সুতরাং এরপর যারা ফিরে যাবে, তারা তো ফাসিক। — আল-বায়ান

অতঃপর যারা মুখ ফিরিয়ে নিবে তারাই হল ফাসেক। — তাইসিরুল

অতঃপর এর পরে যারা ফিরে যাবে তারাই দুস্কার্যকারী। — মুজিবুর রহমান

And whoever turned away after that - they were the defiantly disobedient. — Sahih International

৮২. সুতরাং এরপর যারা মুখ ফিরাবে তারাই তো ফাসেক।

-

তাফসীরে জাকারিয়া

(৮২) অতএব এর পর যারা মুখ ফিরিয়ে নেবে, তারাই হবে ফাসেক (সত্যত্যাগী)। [1]

[1] এখানে আহলে-কিতাব (ইয়াহুদী- খ্রিষ্টান) এবং অন্য সকল ধর্মাবলম্বীদের সতর্ক করা হচ্ছে যে, মুহাম্মাদ (সাঃ)-এর প্রেরণের পরও তাঁর উপর ঈমান না এনে স্ব স্ব দ্বীনের উপর প্রতিষ্ঠিত থাকা সেই অঙ্গীকারের বিপরীত, যা মহান আল্লাহ নবীদের মাধ্যমে প্রত্যেক উম্মতের কাছ থেকে নিয়েছেন এবং এই অঙ্গীকার থেকে মুখ ফিরিয়ে নেওয়া কুফরী। আর এখানে 'ফাসেক'এর অর্থঃ কাফের। কেননা, মুহাম্মাদ (সাঃ)-এর নবুওয়াতের অঙ্গীকৃতি কেবল 'ফিসক' নয়, বরং একেবারে কুফরী।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=375>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন